ঘ) "তাঁহার জীবন অভিজ্ঞতা যেমন বিচিত্রপথকাম্য, তাঁহার রূপায়ণ দক্ষতাও সেইরূপ বিস্ময়কর"। - 'বান' গল্পটি অবলম্বনে মন্তব্যটির সারবত্তা বিচার করো।

———





# ২০২২

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-5

(কথাসাহিত্যের রূপভেদ ও বাংলা ছোটগল্প)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'সাহিত্যে ছোটগল্প' গ্রন্থ অনুসরণে নারায়ণ গঙ্গোপাধ্যায় প্রদত্ত ছোটগল্পের সংজ্ঞাটি লেখো।

খ) 'ভুলি নাই' এবং 'নৈঋতে মেঘ' - রচয়িতার নামসহ কোন্ শ্রেণীর উপন্যাস লেখো।

গ) চিনিবাস গতবছরের রান্নাপুজোর কোন্ কোন্ রান্নার কথা উল্লেখ করেছে?

ঘ) 'তা হলে কি দেশশুদ্ধ লোক পাগল?' - কে, কাকে এই উক্তি করেছে? প্রসঙ্গ নির্দেশ করো।

(পরের পাতায়)

ঙ) লাটুবাবুর সম্পূর্ণ নাম কী? পাঠ্য গল্প অবলম্বনে তার বেশভূষার বর্ণনা দাও।

চ) 'খোঁড়া, খোঁড়া সাপ - সাপ' বক্তা কে? তার প্রকৃত নাম কী?

ছ) 'হারানের নাতজামাই' গল্পে ধ্রুবপদটি উল্লেখ করো। কার মুখে এই ধ্রুবপদটি কতবার উচ্চারিত হয়েছে?

জ) 'এমন তামাশা কেউ কখনো করেনি পুলিশের সঙ্গে' - কোন্ তামাশার কথা বলা হয়েছে?

ঝ) প্রেমেন্দ্র মিত্র রচিত তোমার পাঠ্য গল্পটিতে কোন্ প্রখ্যাত মনস্তাত্ত্বিকের কোন্ তত্ত্বের কথা আছে?

ঞ) 'তাহার ব্যবহারে লজ্জার লক্ষণও লেশমাত্র দেখা গেল না।' - কার সম্পর্কে এবং কেন একথা বলা হয়েছে?

ট) 'নিশীথে' গল্পটি কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়?

ঠ) 'তিনি আমার ছুটির দরখাস্ত মঞ্জুর করেছেন' - বক্তা কে? 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?

ড) লম্বকর্ণ কী কী খেয়ে ফেলেছিল?

ঢ) 'তোমরা পুরুষমানুষ এমনি জাতই বটে।' - কে, কাকে এবং কেন একথা বলেছে?

ণ) 'অনধিকার প্রবেশ' গল্পটি রচনার কারণ কী? একই প্রসঙ্গে রবীন্দ্রনাথ কোন্ প্রবন্ধ রচনা করেন?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) একটি সার্থক বাংলা রাজনৈতিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'স্ত্রীর পত্র' গল্পটিকে কোন্ পর্বের অন্তর্ভুক্ত করা হয়? রবীন্দ্রনাথের ছোটগল্পের ক্ষেত্রে এই পর্বের বৈশিষ্ট্য লেখো।

গ) 'অতিথি' গল্পে রবীন্দ্রনাথের বালকমন ও বাউলমনের আভাস পাওয়া যায় - সংক্ষেপে আলোচনা করো।

ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারানের নাতজামাই' গল্পে ময়নার মা চরিত্রটির ভূমিকাটি পরিস্ফুট করো।

ঙ) 'দেবী' গল্পে 'ধর্মের সঙ্গে ধর্মতন্ত্রের' বিরোধে প্রাণের বিনাশ ঘটার সতর্ক উপদেশ মূর্ত হয়েছে - আলোচনা করো।

চ) 'পোনাঘাট পেরিয়ে' গল্পের ছুটকি চরিত্রটির উপযোগিতা ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।

খ) 'নিশীথে' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

গ) "শুধু তোর দোষ কি, মেয়ে জাতের স্বভাবই ওই" - কে কোথায় এই কথা বলেছিলেন? এই উক্তির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়, গল্পের অনুসরণে আলোচনা করো।